

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - অপবিত্রতা হতে পবিত্রতা অর্জন

আরবী

وَعَنْ مَيْمُونَةَ مَرَّ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رِجَالٌ مِنْ قُرَيْشٍ يَجْرُونَ شَاةً لَهُمْ
مِثْلَ الْحِمَارِ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَوْ أَخَذْتُمْ إِيَّاهَا» قَالُوا إِنَّهَا
مَيْتَةٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يُطَهَّرُهَا الْمَاءُ وَالْقُرْظُ». رَوَاهُ أَحْمَدُ وَأَبُو
دَاوُدَ

বাংলা

৫১০-[২১] মায়মূনাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, কুরায়শ গোত্রের কিছু লোক গাধার মতো বড় একটি মৃত বকরীকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছ দিয়ে টেনে হেঁচড়ে নিয়ে যাচ্ছিল। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে বললেন, তোমরা যদি এর চামড়া ছিলে নিতে (তাহলে হয়তো তোমাদের কাজে লাগতো)। তারা বলল, এটা তো মৃত (যাবাহ করা নয়)। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, পানি এবং সলম গাছের পাতা একে পবিত্র করে। (আহমাদ ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবু দাউদ ৪১২৬, সিলসিলাহু আস্ সহীহাহ্ ২১৬৩, নাসায়ী ৪২৪৮, আহমাদ ২৬৮৩৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মৃত ছাগলের বা গরুর চামড়া খুলে নেয়া জায়য আছে। পানি বাবলা পাতা দ্বারা ধৌত করলে বা রং করলে পবিত্র হয়ে যায়। রং দেয়ার মধ্যে পানি ব্যবহার প্রয়োজন হয় বিধায় তাতে ময়লা ও অপবিত্রতা দূর হয়।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55068>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন